দৈনিক
ইনকিলাব

তারিখ ... 2 1 NOV 2003
পৃষ্ঠা ...

*পাসের হার ৪৩ দশমিক ১৮*

# বাউবি'র এসএসসি পরীক্ষার ফল প্রকাশ

প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) অধীনে এসএসসি পরীক্ষা-২০০৭ এর ১ম বর্ষ ও ২য় বর্ষের বিষয়ভিত্তিক ফলসহ চূড়ান্ত ফল গতকাল (বৃহস্পতিবার) প্রকাশিত হয়েছে। এতে পাসের হার ৪৩ দশমিক ১৮। এ বছর ১ম ও ২য় বর্ষে তালিকাভুক্ত মোট শিক্ষার্থীর সংখ্যা ছিল ১ লাখ ৩৮ হাজার ৯৪০ জন। চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণকারী (২য় বর্ষ) ৫৯ হাজার ৬০৪ জন শিক্ষার্থী থেকে মোট ২৫ পৃঃ ৮ কঃ ৬

## বাউবি'র এসএসসি

*১২-এর পৃষ্ঠার পর*

হাজার ৭৩৬ জন শিক্ষার্থী চূড়ান্তভাবে কৃতকার্য হয়। এর মধ্যে ২০১ জন জিপিএ-৪, ১,৮৫৬ জন জিপিএ-৩.৫, ৭৩৩০ জন জিপিএ-৩, ১৫,৫৩৬ জন জিপিএ-২ এবং ৮১৩ জন শিক্ষার্থী জিপিএ-১ পেয়েছে। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে ১৪,৩১৩ জন পুরুষ এবং ১১,৪২৩ জন মহিলা। উল্লেখ্য, এ বছর ১ম বর্ষের পরীক্ষায় মোট ৭৭ হাজার ৮৮৬ জন শিক্ষার্থী অংশগ্রহণ করেছে।

সংশ্লিষ্ট শিক্ষার্থীদের নিজ নিজ টিউটোরিয়াল কেন্দ্র থেকে পরীক্ষার ফল জেনে নেওয়ার জন্য বলা হয়।